



সিটিজেন চার্টার

- ☐ বাংলাদেশ পুলিশ জনগণের সেবা প্রদানকারী একটি প্রতিষ্ঠান।
- ☐ জাতি ধর্ম, বর্ণ ও রাজনৈতিক/ সামাজিক/ অর্থনৈতিক শ্রেণি নির্বিশেষে দেশের প্রতিটি থানায় সকল নাগরিকের সমান আইনগত অধিকার লাভের সুযোগ রয়েছে।
- ☐ থানায় আগত সাহায্য প্রার্থীদের আগে আসা ব্যক্তিকে আগে সেবা প্রদান করা হবে।
- ☐ থানায় সাহায্য প্রার্থী সকল ব্যক্তিকে থানা পুলিশ সম্মান প্রদর্শন করবে এবং সম্মান সূচক সম্বোধন করবে।
- ☐ থানায় জিডি করতে আসা ব্যক্তির আবেদনকৃত বিষয়ে ডিউটি অফিসার সর্বাঙ্গিক সহযোগিতা প্রদান করবে এবং আবেদনের ২য় কপিতে জিডি নম্বর তারিখ এবং সংশ্লিষ্ট অফিসারের স্বাক্ষর ও সীল মোহর তা আবেদনকারীকে প্রদান করতে হবে। বর্ণিত জিডি সংক্রান্ত বিষয়ে যথা শীঘ্র সম্ভব ব্যবস্থা গ্রহণ করা হবে এবং গৃহীত ব্যবস্থা পুনরায় আবেদনকারীকে অবহিত করা হবে।
- ☐ থানায় মামলা করতে আসা ব্যক্তির মৌখিক/লিখিত বক্তব্য অফিসার ইনচার্জ কর্তৃক এজাহার ভুক্ত করবে এবং আগত ব্যক্তিকে মামলা নম্বর, তারিখ ও ধারা এবং তদন্তকারী অফিসারের নাম ও পদবী অবহিত করবে। তদন্তকারী অফিসার এজাহারকারীর সহিত নিয়মিত যোগাযোগ রক্ষা করে তাকে তদন্তের অগ্রগতি সম্পর্কে অবহিত করবে। তদন্ত সমাপ্ত হলে তাকে ফলাফল লিখিতভাবে জানিয়ে দেয়া হবে।
- ☐ থানায় মামলা অথবা অভিযোগ অথবা জিডি করতে আসা কোন ব্যক্তি থানার অফিসার ইনচার্জ/থানার ডিউটি অফিসার এন্ট্রি করতে অপারগতা প্রকাশ করলে উক্ত বিষয়টির উপর প্রতিকার চেয়ে নিম্ন অনুযায়ী আবেদন করবেন।
 - (ক) সহকারী পুলিশ সুপার (সার্কেল) এর নিকট আবেদন করবেন।
 - (খ) পুলিশ সুপারকে spgaibandha@police.gov.bd ঠিকানায় আপনার অভিযোগ জানাতে পারেন।
 - (গ) অতঃপর তিনি যদি উক্ত বা এর বিষয়ে কোন ব্যবস্থা না গ্রহণ করেন সংশ্লিষ্ট ডিআইজি অথবা আইজি এর নিকট আবেদন করবেন।
- ☐ আহত ভিকটিমকে থানা হতে শারিরিক সহযোগিতা করা হবে এবং এ বিষয়ে সফল মেডিকেল সার্টিফিকেট গ্রহণ করা হবে।
- ☐ শিশু কিশোর অপরাধী সংক্রান্ত শিশু আইন ১৯৭৪ এর বিধান অনুসরণ করা হবে এবং যাতে তারা কোন ভাবেই বয়স্ক অপরাধীর সংস্পর্শে না আসতে পারে তা নিশ্চিত করা হবে এজন্য দেশের সকল থানায় পর্যায়ক্রমে কিশোর হাযতখানার ব্যবস্থা করা হবে।
- ☐ মহিলা আসামি/ভিকটিমকে যথাসম্ভব মহিলা পুলিশের মাধ্যমে শারিরিক নিরাপত্তা নিশ্চিত করা হবে।
- ☐ উদ্ধতন পুলিশ কর্মকর্তাগণ নিয়মিত ভাবে কমিউনিটির সহিত অপরাধমূলক/জনসংযোগ মূলক সভা করবেন এবং সামাজিক সমস্যা সমূহের আইনগত সমাধানের প্রয়াস চালাবেন।
- ☐ বিদেশে চাকুরি/উচ্চ শিক্ষার গমনেচ্ছু প্রার্থীদের পুলিশ ক্রিয়ারেস সার্টিফিকেট প্রদান করা হবে।
- ☐ যেকোন অপরাধ প্রতিরোধ, চোরাচালান, ইভটিজিং, বাল্যবিবাহ প্রতিরোধ, চোরাইমাল, লুপ্তিত মালামাল ও মাদকদ্রব্য উদ্ধার।
- ☐ অবৈধ অস্ত্র, গোলাবারুদ, বোমা ও বোমা তৈরী সরঞ্জামাদি উদ্ধার ভিআইপি/ভিভিআইপি ডিউটিসহ জনগণের জানমাল ও সরকারি সম্পত্তি নিরাপত্তা প্রদান।
- ☐ পাসপোর্ট ও চাতুরির ভেরিফিকেশনসহ বিভিন্ন ব্যক্তির উপর বিশেষ নজরদারি প্রদান, অপরাধী সনাক্ত করণসহ অপরাধিকে গ্রেফতার এবং যেকোন উপায়ে অপরাধীকে বিচারের মুখোমুখি করা।

যেকোন অভিযোগ ও তাৎক্ষণিক সেবার জন্য সুন্দরগঞ্জ থানার

হেল্পডেস্ক মোবাইল নম্বর : ০১৭২৭-৩৫৮৬৮২ এ যোগাযোগ করতে পারেন।

থানার অফিসার ইনচার্জ এর সরকারি মোবাইল নম্বর: ০১৩২০১৩২৪২৮

আপনার অভিযোগ জানাতে পারেন "জনগণের সেবায় আমরা ২৪ ঘন্টা নিয়োজিত